গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার ডিসেম্বর-২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ রায়হান মেহেবুব, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ১১/১২/২০২৩ খ্রি., বেলা ১০.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট- ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার সভাপতি ও নবাগত উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যগণকে নিজের পরিচিতি প্রদান সাপেক্ষে সকলের পরিচিতি জানানোর জন্য অনুরোধ করা হলে উপস্থিত সকলেই স্ব-স্ব পরিচিতি জানিয়ে আগামী ৭ জানুয়ারী-২০২৪ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কার্যক্রমে প্রয়োজনীয় আন্তরিক সহযোগিতা কামনা করে চলমান সময়ে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অতঃপর নিম্নরূপ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ**<br>বিগত নভেম্বর-২০২৩ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২ | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সরকারী বিধি-নিষেধ প্রতিপালন ও উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সামাজিক সম্প্রীতি কমিটির কার্যক্রম সচলকরণ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত ঃ<br>সভাপতি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় সভাপতি জানান, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচার সামগ্রী অপসারণের নির্দেশনা রয়েছে। তিনি স্ব-স্ব এলাকায় নির্বাচনি প্রচার সামগ্রী (পোস্টার,ব্যানার,দেয়াল লিখন, তোরণ বা ঘের, প্যান্ডেল বা আলোকসজ্জা) ও নির্বাচনি ক্যাম্প থাকলে অপসারণ করার নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন। এ কার্যক্রমে বিষয়ে সভাপতি সকলের সার্বিক সহযোগিতা কামনা করে স-স্ব এলাকায় উল্লিখিত সামগ্রী সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণসহ পৌর মেয়রকে আহ্বান জানান। এ বিষয়ে সহকারী কমিশনার(ভূমি) জানান, তিনি উপজেলার কয়েকটি এলাকায় নির্বাচনি প্রচার সামগ্রী নির্বচিন কমিশনের নির্দেশনার আলোকে রাস্তায় টাঙানো ব্যানার, পোস্টার ও অন্যান্য সামগ্রী সরানোর অভিযান চালান।<br>চেয়ারম্যান, চন্দ্রঘোনা ইউ,পি জানান, তিনি নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি যাতে বিঘ্নিত না হয় সে বিষয়ে তার ইউনিয়নে সামাজিক ও সম্প্রীতির কমিটির সভা নিয়মিত আহ্বান করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে যাচ্ছে। এ বিষয়ে সভাপতি ইউনিয়ন পর্যায়ে সামাজিক ও সম্প্রীতির কমিটির সভা আহ্বান করে প্রশাসনকে বিস্তারিত জানানোর জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে আহ্বান জানান এবং উপস্থিত সকলেই একমত পোষন করেন। | উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে ইউনিয়ন পর্যায়ে সামাজিক প্রতিমাসে সম্প্রীতি কমিটি সভা আহ্বান করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে বাস্তব পদক্ষেপ গ্রহণ এবং নির্বাচন কমিশনের নির্দেশনা মতে স্ব-স্ব এলাকায় নির্বাচনি প্রচার সামগ্রী(পোস্টার, ব্যানার,দেয়াল লিখন,তোরণ বা ঘের, প্যান্ডেল বা আলোকসজ্জা) ও নির্বাচনি ক্যাম্প থাকলে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পৌর মেয়র ও সকল নির্বাচিত ইউ,পি চেয়ারম্যান -গণকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রশাসন সংশ্লিষ্ট পৌর মেয়র, সকল ইউ, পি চেয়ারম্যান,রাঙ্গুনিয়া , চট্টগ্রাম। |
| ৩ | উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত ঃ<br>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন কিংবা স্বাভাবিক রাখা স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গের প্রয়োজনীয় সার্বিক সহযোগিতার প্রয়োজন। | ১)আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন/ স্বাভাবিক রাখার জন্য ওয়ারেন্টভুক্ত আসামীদের গ্রেফতারে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার জন্য সর্বসম্মত | |

চলমান পাতা-২

**৪** ভারপ্রাপত কর্মকর্তা, রাঙ্গুনিয়া মডেল থানা ও দঃ রাঙ্গুনিয়া থানা উভয়ে জানান, আনাকাঙ্খিত ঘটনা এড়ানোর লক্ষ্যে পুলিশী কার্যক্রম অব্যাহত রয়েছে। উপজেলায় নির্বাচনোত্তর সময়ে যাতে অনাকাঙ্খিত ঘটনা না ঘটে পুলিশ বিভাগ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। উপজেলার আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার আহ্বান জানিয়ে নভেম্বর, ২০২৩ মাসের উপজেলার অপরাধ চিত্র নিম্ন প্রদত্তরূপে পেশ করা হয়।

| ক্রঃনং | বিবরণ/অপরাধ চিত্র | রাঙ্গুনিয়া মডেল থানা | দঃ রাঙ্গুনিয়া থানা | মোট |
|---|---|---|---|---|
| ১ | খুন | ১ | - | ১ |
| ২ | অস্ত্র আইন | ২ | ১ | ৩ |
| ৩ | চুরি | - | ১ | ১ |
| ৪ | মাদক দ্রব্য | ৮ | ২ | ১০ |
| ৫ | ন্যরী ও শিশু নির্যাতন | - | ২ | ২ |
| | সড়ক দুর্ঘটনা | ১ | - | ১ |
| ৬ | অন্যান্য | ৩ | ১ | ৪ |
| | সর্বমোট | ১৫ | ৭ | ২২ |

থানা সমূহের অপরাধ চিত্র বিস্তারিত আলোচনায় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। অপরাধীদের আইনের আওতায় আনাসহ চুরি/ডাকাতি/ সন্ত্রাসী/নাশকতা -মূলক কার্যক্রমে জড়িতদের আইনের আওতায় আনার জন্য সভাপতি পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা করার জনপ্রতিনিধিদের আন্তরিক আহ্বান জানান।

ইউনিয়ন সমূহের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, স্বনির্ভর রাঙ্গুনিয়া ইউ,পি জানান, তার ইউনিয়নে ২ জন মাদক ব্যবসায়ীকে পুলিশ কর্তৃপক্ষ আটক করেছে এবং জুয়ার আসরে পুলিশ অভিযান চালায়। হিন্দু ধর্মাবলম্বীদের রাজ উৎসব শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হওয়ায় শান্তি শৃংখলার রক্ষায় পুলিশ বিভাগের ভূমিকার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

চেয়ারম্যান, সরফভাটা ইউ,পি জানান, সরফভাটা ইউনিয়ন এলাকায় পূর্বে হতে সন্ত্রাসী কার্যক্রম চলে আসছে। পুলিশ বিভাগ যাতে প্রয়োজনী ভূমিকা পালন করে সে বিষয়ে থানা কর্তৃপক্ষের নিকট সদয় দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান, বেতাগী ইউ,পি জানান, তার ইউনিয়ন অভ্যন্তরে আন্দরঘোনা এলাকায় সরকারী খাস জায়গা এক শ্রেণীর দালাল দ্বারা বেচা-বিক্রী কার্যক্রম চলছে। এ বিষয়ে ভবিষ্যতে বিশৃংখলা দেখা দিতে পারে মন্তব্য করে এ বিষয়ে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করলে সভাপতি প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), রাঙ্গুনিয়াকে নির্দেশনা দেন।

চেয়ারম্যান, পারুয়া ইউ,পি জানান, ভূমি সংক্রান্ত বিষয় নিয়ে পুলিশ হস্তক্ষেপ না করলে এলাকার জনসাধারণের মধ্যে অনাকাঙ্খিত ঘটনা ঘটতো। তিনি এ অনাকাঙ্খিত ঘটানার পুলিশ বিভাগ প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ করায় ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামের প্রতি কৃতজ্ঞতা জানান।

**সিদ্ধান্ত:** ...সিদ্ধান্ত গৃহীত হয়।

২) উপজেলায় যাতে নাশকতা -মূলক কর্মকান্ড ঘটাতে না পারে সে বিষয়ে সর্বদা সতর্ক নজর রাখাসহ স্ব-স্ব অধিক্ষেত্র এলাকায় বাস্তব পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) উপজেলার পারুয়া ইউনিয়নে অনাকাঙ্খিত ঘটনা এড়ানোর আগাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৪) সরফভাটা ইউনিয়নে সন্ত্রাসী কার্যক্রমে জড়িতদের আইনের আওতায় আনাসহ বেতাগী ইউনিয়নে খাস জায়গা বেচা-বিক্রী কর্মকান্ড সরেজমিনে তদন্তক্রমে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), রাঙ্গুনিয়াকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন:** রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধি।

**৫** যানজট নিরসন সংক্রান্ত ঃ

উপজেলায় যানজট বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলায় গোডাউন, রোয়াজারহাটসহ যানজট স্থানসমূহে যানজট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপস্থিত সকলেই মতামত ব্যক্ত করলে অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত:** উপজেলার অভ্যন্তরে যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন:** অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিণ রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল।

| ক্রম নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | **মাদক নিয়ন্ত্রণ/রোধ সংক্রান্ত ঃ** উপজেলায় মাদক ব্যবহার ও নিয়ন্ত্রণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম জনান, স্বনির্ভর রাঙ্গুনিয়া ইউনিয়নে ২ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার পূবর্ক জেল-হাজতে প্রেরণ করা হয়। উপজেলায় মাদক ব্যবহার নিয়ন্ত্রণে রাখার পুলিশ বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম চালিয়ে যাচ্ছে। মাদকের সহিত জড়িতদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়। | উপজেলার মাদক ব্যবহার নিয়ন্ত্রণ-করণ, মাদক/ইয়াবা ব্যবসায়ী-দের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনা-নুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্ব-সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন/ পুলিশ বিভাগ সংশ্লিষ্ট ও সকল। |
| ৭ | উপজেলার মরা গাছ সংক্রান্ত ঃ উপজেলার বিভিন্ন রাস্তা সমূহে স্থীর অবস্থায় থাকা মরা গাছ সমূহে জান-মালের ক্ষতি হতে পারে চেয়ারম্যান, চন্দ্রঘোনা ও সরফভাটা ইউ,পি মতামত ব্যক্ত করেন। জানমালের ক্ষতি/দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে বিস্তারিত আলোচনায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বন বিভাগের রেঞ্জ কর্মকর্তাগণকে অনরোধ করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলার রাস্তায় স্থীত মরা গাছ সমূহ দ্বারা যাতে যান/ জানমালের ক্ষতিসাধন না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়ো-জনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা-গণকে অনুরোধ করা হয়। | বন বিভাগ রাঙ্গুনিয়া। |
| ৮ | **ইভটিজিং কার্যক্রম বন্ধ ও বাল্য বিবাহ রোধ সংক্রান্ত ঃ** ইভটিজিং ও বাল্য বিবাহ রোধ সংক্রান্ত বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় সভাপতি বাল্য বিবাহ কার্যক্রম রোধে জনসচেতনতা সৃষ্টিসহ ইভটিজিং কার্যক্রমে জড়িতদের প্রতি সর্বদা সতর্ক নজর রাখা ও স্ব-স্ব এলাকায় বাল্য বিবাহ কার্যক্রম রোধে সামাজিক সচেতনতার সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর মেয়র/ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এবং উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | উপজেলার ইভটিজিং ও বাল্য বিবাহ কার্যক্রম রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন /পুলিশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত ঃ ডিজিএম, রাঙ্গুনিয়া জোনাল অফিস, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ জানান, উপজেলার নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের কার্যক্রম অব্যাহত আছে। বিস্তারিত আলোচনায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং বকেয়া বিদ্যু বিল আদায়ে প্রশাসন কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সকল। |

উপজেলার আইন-শৃঙ্খলার বিষয়ে বিস্তারিত আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম জানান, রাঙ্গুনিয়া বাসীর উন্নয়নে সকলেই একযোগে কাজ করতে হবে এবং সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রশাসন তথা উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রামকে সার্বক্ষণিক প্রয়োজনীয় সহযোগিতা করার জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় ১৬ ডিসেম্বর,২০২৩ উদযাপনে সকলের সার্বিক সহযোগিতার প্রতি সভাপতি তথা উপজেলা নির্বাহী অফিসার কৃতজ্ঞতা জানিয়ে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নসহ আসন্ন জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ সুষ্ঠ ভাবে নির্বাচন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে উপজেলার কর্মরত কর্মকর্তা/কমচারী ও জনপ্রপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

Raihan ১১/১২/২০২৩

মোঃ রায়হান মেহেবুব
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ই-মেইল: unorangunia@mopa.gov.bd



CS CamScanner

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২৩-১১৫৫ | তারিখঃ ২৬ অগ্রহায়ণ, ১৪৩০ ব. / ১১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ, এম.পি ও মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(১–৪) সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা /অফিসার ইনচার্জ,..........................................................কর্মকর্তা (সকল)/থানা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। উপজেলা কমান্ডার/সদস্য/জনাব ..........................................................................রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। সভাপতি/সম্পাদক, রাঙ্গুনিয়া প্রেস ক্লাব, চট্টগ্রাম।
১১। অফিস নথি।

CamScanner